আজকের কাগজ

তারিখ ... 02 OCT 1995 ...
পৃষ্ঠা ৪ কলাম ... ২ ...

## বিশ্ববিদ্যালয়ে ভর্তির কার্যকরী সিদ্ধান্ত চাই

সরকারি কলেজ ও বিশ্ববিদ্যালয় কলেজগুলোতে নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে। উক্ত সভায় আমাদের স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়গুলোর উপচার্যবৃন্দও উপস্থিত ছিলেন। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বৃন্দকেও নম্বরের ভিত্তিতে ভর্তির নিয়মটি চালু করার জন্যে সুপারিশ করা হয়।

কিন্তু অদ্যাবধি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষই জানাননি যে, কি নিয়মে তারা ভর্তি পরীক্ষা নেবেন। কারণ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এই সিদ্ধান্তের উপরই নির্ভর করছে আমরা কোচিং করবো কি করবো না। অর্থাৎ কোচিং সেন্টার আমাদের টাকা দেবে কি দেবে না।

তাই দেশের সকল স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়দের কাছে অনুরোধ যথাশীঘ্র আপনাদের সিদ্ধান্ত প্রচার করে আমাদেরকে মানসিক দ্বিধা-দ্বন্দ্ব থেকে রক্ষা করুণ আর আর্থিক ক্ষয়ক্ষতি থেকে রক্ষা করুণ আমাদের অভিভাবকদের।

*শিপ্রী দাস*
*নিলয়-১৭২, নতুনপাড়া*
*সুনামগঞ্জ*